

তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

বোর্ড বৃত্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


অত্র কলেজে স্নাতক শ্রেণির ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ এবং একাদশ শ্রেণির ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (এসএসসি/দাখিল-এ বৃত্তি প্রাপ্ত) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোর্ড (ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, যশোর, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ ও বাংলাদেশ মাদ্রাসা বোর্ড) থেকে মেধা ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত ছাত্রদের বৃত্তির টাকা উত্তোলনের জন্য বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন যেকোনো তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে অথবা ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলে বোর্ড বৃত্তির তথ্য ফরম পূরণ করে নিম্নোক্ত কাগজপত্রসহ আগামী ১০/১১/২০২৬ তারিখের মধ্যে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অফিসে হিসাব সহকারী জনাব মো. শাহজাহান এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

বিভাগ	সেকশন	বৃত্তির কাগজপত্র জমা দেয়ার তারিখ
বিজ্ঞান	সেকশন: এ ও বি	০৪/১১/২০২৬
	সেকশন: সি ও ডি	০৫/১১/২০২৬
	সেকশন: ই ও এফ	০৮/১১/২০২৬
	সেকশন: জি	০৯/১১/২০২৬
মানবিক ও ব্যবসায় শিক্ষা	সকল	১০/১১/২০২৬

যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে-

- ০১) বোর্ড বৃত্তির তথ্য ফরম।
- ০২) এসএসসি/দাখিল এ বৃত্তিপ্রাপ্ত প্রতিষ্ঠানের বৃত্তি প্রাপ্তির প্রত্যয়নপত্র।
- ০৩) কলেজ ভর্তি ফরমের কপি।
- ০৪) বোর্ড থেকে মেধা ও সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত গেজেটের কপি।
- ০৫) শিক্ষার্থীর এসএসসি/দাখিল মার্কসীটের কপি।
- ০৬) শিক্ষার্থীর ব্যাংক চেক বই এর পাতা রাউটিং নাম্বারসহ ফটোকপি অথবা ব্যাংক স্টেটমেন্ট এর কপি রাউটিং নম্বরসহ।
- ০৭) শিক্ষার্থীদের বৃত্তি গেজেটের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম আবশ্যিক মিল থাকতে হবে।
- ০৮) ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে।
- ০৯) অনলাইন ব্যাংক হিসাব অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে।

উল্লেখ্য, পূর্বে বাউসকৃত শিক্ষার্থীরা উক্ত সময়ের মধ্যে বৃত্তির তথ্য সংশোধন করতে পারবে এবং ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে যারা বৃত্তির তথ্য এন্ট্রি করতে পারে নাই তারও বৃত্তির তথ্য ফরম পূরণ করে জমা দিতে পারবে। বৃত্তির তথ্য ফরম পূরণ করে জমা না দিলে এবং বৃত্তির টাকা উত্তোলনের জন্য কোন সমস্যা হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


(অধ্যাপক এ কে এম ইলিয়াস)

আইডি নং-০১০৪

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com


২৬/১০/২৬